

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব-নিয়োগ শাখা

প্রজ্ঞাপন

২৩ অক্টোবর, ১৯১৬

তারিখ : ০৭ ডিসেম্বর, ২০০৯

নম্বর : সম/নসি/২৭তম/নিঃপ্রঃ৭/২০০৯-২২৯

২৭তম বিসিএস পরীক্ষা ২০০৫ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ১৬-১০-২০০৮ তারিখের বাসকস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২২ নং পত্র এবং ১২-১০-২০০৮ তারিখের বাসকস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২১ নং পত্রসমূহের সুপারিশক্রমে এই প্রজ্ঞাপনের জারির অনুরোধে বর্ণিত অর্থাৎ উক্ত প্রার্থীকে বাংলাদেশ সিনিয়র শিক্ষা ও প্রশাসন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুসারে টাকা ৬৮০০-০২৫৫৫-৯০৭৫-ইসি:৩৬৫×১১-১৩০৯০/- বেতনক্রমে নিয়মিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল :

(ক) তাহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যান্য ০৪ মাসের বুনীয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজনবোধে সরকার এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাতে পারিবে; অথবা প্রয়োজনবোধে সরকারী বুনীয়াদী প্রশিক্ষণের পূর্বে তাহাকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে

(খ) উক্ত বুনীয়াদী প্রশিক্ষণ সমাপনাতে তাহাকে তাহার চাকরী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার বেইরুপ হির করিবে সেইরুপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) তাহাকে ০২ বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসীকাল যদি তিনি চাকরীতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাহাকে চাকরী হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনাতে এবং বিভাগীয় পরীক্ষার উত্তীর্ণ হওয়ার সাপেক্ষে শিক্ষানবিসীকাল সম্মতজনকভাবে অতিক্রান্ত হইলে তাহাকে চাকরীতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের পূর্বে তাহাকে একতরফা আকারে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি রুল সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসীকাল অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বৎসরের মধ্যে চাকরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাহাকে প্রদত্ত বেতন-ভাতা প্রশিক্ষণ উপলক্ষে উল্লিখিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ক্ষতিাদি ও তাহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকিবেন। প্রশিক্ষণের জন্য কর্মসূচি হইতে অন্তর্ভুক্ত প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এই বর্ত দাখিল করিয়া তাহাকে প্রশিক্ষণে যাইতে হইবে;

(চ) তাহার ইচ্ছা সরকারী কর্মে শূন্য হওয়ার পূর্বে যদি তিনি তাহার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপ-অনুচ্ছেদ (ঙ) মৌতাবেক তাহার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এন্ট্রি, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শুলকা ও আঙ্গীল) বিধিমালা-১৯৯৫ মোতাবেক তাহার বিরুদ্ধে শাস্তিক্রমক স্বতন্ত্র প্রণয় করা হইবে;

(ছ) ২৭ তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান মোতাবেক তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) চাকরীতে যোগদানকালে তাহাকে যোগদানপত্রের সহিত ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বর্ত দাখিল করিতে হইবে যে, তিনি নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাহার চাকরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হইবে এবং সরকারী কর্মে শূন্য হওয়ার পূর্বে তাহাকে তাহার চাকরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাহার চাকরী নিয়ন্ত্রিত হইবে;

(ট) এই চাকরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। পূর্ব অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী তাহার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে আশাশী ০৩ জানুয়ারী ২০১০ খ্রি./ ২০ পৌষ ১৯১৬ বঙ্গাব্দ তারিখ পূর্বাঙ্কে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাহাকে অনুরোধ করা হইল। আর ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হইতে পরবর্তী কোন নির্দেশ না পাইলে ০৩ জানুয়ারী ২০১০ খ্রি. তারিখ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদানের নির্ধারিত সময়সীমা হিসেবে অপরিবর্তিত থাকিবে। নির্ধারিত তারিখে চাকরীতে যোগদান না করিলে তিনি চাকরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।


৩। (১) ক্যাডারের নাম : বিসিএস (শিক্ষা)
পদের নাম : প্রভাষক
নিয়োগপত্র : ০১ জন

ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২	৩
১	রেজিঃ ০১৫৭৪২	মনিরা মাজনীন

(২) ক্যাডারের নাম : বিসিএস (প্রশাসন)
পদের নাম : সহকারী কমিশনার
নিয়োগপত্র : ০১ জন


ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	নাম
১	২	৩
১	রেজিঃ ০৬৬৭৬২	আক্তার উননেছা শিউলী

৪। জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সচিব

সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
 - ২। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
 - ৩। সচিব, রপ্তানি কার্যালয়।
 - ৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
 - ৫। সচিব, সংস্থাপন/শিক্ষা মন্ত্রণালয়।
- বিসিএস (-----) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ----- জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৭তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র, বাহ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হইল।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ যাহাতে আগামী ০৩ জানুয়ারী ২০১০ খ্রি./২০ পৌষ ১৪১৬ বঙ্গাব্দ তারিখ পূর্বে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করিতে পারেন; সেই লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারীকরণের এবং প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। রেটর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, মাতার, ঢাকা।
 - ৭। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
 - ৮। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
(সূত্র: কমিশনের ১৩-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল -৫(কনফি)/২০০৮/২২ নং পত্র এবং ১২-১০-২০০৮ তারিখের বাসককস/২৭তম বিসিএস/চূড়ান্ত মনোনয়ন ও ফলাফল-৫(কনফি)/২০০৮/২১ নং পত্র।
 - ৯। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ১০। যুগ্ম-সচিব (সকল), সংস্থাপন মন্ত্রণালয়।
 - ১১। উপ-সচিব, মাঠ প্রশাসন/সিআর/(বৈনি/ননি)/সিপিটি/পিএসিসি, সংস্থাপন মন্ত্রণালয়।
 - ১২। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হইল)।
 - ১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ৫০(পঞ্চাশ) কপি নিম্নবাক্যকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
 - ১৪। সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২, সংস্থাপন মন্ত্রণালয়।
 - ১৫। জনসংযোগ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়।
 - ১৬। নিয়োগপ্রাপ্ত প্রার্থী -----


(মোঃ মনিরুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭২৩৪৩